

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/প্রশা:/একাদশ/ভর্তি ২০১৭-২০১৮/.....

তারিখ: ০৮/০৫/২০১৭ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর স্মারক নং-মাউশিবোর্দি/কলেজ/ভর্তি-বিজ্ঞপ্তি/২০১৭/২৪৮(৫০) তারিখ: ০৭/০৫/২০১৭ মোতাবেক ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে দিনাজপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীরা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে অথবা টেলিটক মোবাইল এসএমএস এর মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

- ১। ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে দেশের যে কোনো শিক্ষা বোর্ড এবং উনুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে এস.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ২। আবেদনের জন্য ভর্তির যোগ্যতা:
২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বিজ্ঞান শাখার জন্য ন্যূনতম (এস.এস.সি./সমমানের পরীক্ষায়) জি.পি.এ. ৪.৫০, মানবিক শাখার জন্য ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ৩। প্রার্থী নির্বাচনের অনুসরণীয় পদ্ধতি:
শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা ও বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ৩.০ এর উপ অনুচ্ছেদ ৩.১ ও ৩.৩ অনুযায়ী প্রার্থী নির্বাচন হবে।
- ৪। ভর্তির জন্য নির্ধারিত কোটাসমূহ:
বিভাগীয় এবং জেলা সদরের কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৮৯% আসন সকলের জন্য উনুক্ত থাকবে এবং অবশিষ্ট আসনের মধ্যে ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য, ৩% বিভাগীয় এবং জেলা সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য, ২% শিক্ষা মন্ত্রণালয় এর অধ:স্তন দপ্তরসমূহ এবং উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারি ও গভর্নিং বডির সদস্যদের সন্তানদের জন্য, ০.৫% বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বি.কে.এস.পি.) এর জন্য এবং ০.৫% প্রবাসীদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। যদি উপর্যুক্ত কোটায় প্রার্থী না পাওয়া যায় তবে সাধারণ কোটায় শিক্ষার্থী ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। শিক্ষা, বি.কে.এস.পি. এবং প্রবাসীদের সন্তান কোটার ক্ষেত্রেও ভর্তির সময় উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।
- ৫। ভর্তির জন্য একজন প্রার্থীর নিম্নরূপে শাখা নির্বাচন করতে হবে, যথা:
(ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি;
(খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি;
(গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

Dinajpur Govt. College EIIN-120818

Dinajpur Govt College EIIN-120818

৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ক্লাস শুরু, শাখা/বিষয় পরিবর্তন: নিম্নবর্ণিত সময়সূচি অনুসরণ করা হবে:

ক্র: নং	বিষয়	তারিখ
৬.১	ভর্তির অনলাইন ও এসএমএস আবেদন গ্রহণ (যারা পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)	০৯/০৫/২০১৭ থেকে ২৬/০৫/২০১৭
৬.২	আবেদন যাচাই-বাছাই ও আপত্তি নিষ্পত্তি	২৭/০৫/২০১৭ থেকে ২৯/০৫/২০১৭
৬.৩	শুধুমাত্র পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	৩০/০৫/২০১৭ থেকে ৩১/০৫/২০১৭
৬.৪	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	০৫/০৬/২০১৭
৬.৫	শিক্ষার্থীর Selection নিশ্চয়ন	০৬/০৬/২০১৭ থেকে ০৮/০৬/২০১৭
৬.৬	মাইগ্রেশনের আবেদন (অপশন প্রদান) ও নতুন আবেদন	০৯/০৬/২০১৭ থেকে ১০/০৬/২০১৭
৬.৭	২য় পর্যায়ের ফল প্রকাশ	১৩/০৬/২০১৭
৬.৮	২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চয়ন	১৪/০৬/২০১৭ থেকে ১৫/০৬/২০১৭
৬.৯	মাইগ্রেশনের আবেদন (অপশন প্রদান) ও নতুন আবেদন	১৬/০৬/২০১৭ থেকে ১৭/০৬/২০১৭
৬.১০	৩য় পর্যায়ের ফল প্রকাশ	১৮/০৬/২০১৭
৬.১১	৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চয়ন	১৯/০৬/২০১৭
৬.১২	ভর্তি	২০/০৬/২০১৭ থেকে ২২/০৬/২০১৭ এবং ২৮/০৬/২০১৭ থেকে ২৯/০৬/২০১৭
৬.১৩	ক্লাস শুরু	০১/০৭/২০১৭

৭। কলেজ ভর্তির আসন সংখ্যা:

শাখা	আসন সংখ্যা
বিজ্ঞান	৪২৫ জন
মানবিক	২০০ জন
ব্যবসায় শিক্ষা	২০০ জন

৮। অনলাইন/এসএমএস এ ভর্তির আবেদনের জন্য করণীয়:

১. অত্র শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে অথবা টেলিটক মোবাইল এসএমএস এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা: www.xiclassadmission.gov.bd।
২. অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। এসএমএস এর মাধ্যমে প্রতি কলেজ/সমমান প্রতিষ্ঠানের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজ/সমমানের প্রতিষ্ঠানে পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থী মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

৯। ভর্তি সংক্রান্ত তথ্যাদি দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর এর ওয়েবসাইটে পাওয়া যাবে:

ওয়েবসাইটের ঠিকানা: www.dgc.edu.bd

০৬/০৫/২০১৭

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর।